বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

*"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"*

## ইনোভেশন টিমের ৭ম সভার কার্যবিবরণী

**তারিখ ঃ ২৯/০৮/২০২১; বার ঃ রবিবার ; সময় ঃ রাত ৭:৩০টা**

২৯/০৮/২০২১, রবিবার, রাত ৭:৩০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিম এর সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি বাউবি এর সভাপতিত্বে ৭ম সভা (ভার্চুয়াল) [ZOOM এর মাধ্যমে] অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

১। ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।

২। প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।

৩। প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি

৪। জনাব মোঃ আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি

৫। নাজনীন আক্তার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।

৬। নার্গিস আখতার , যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।

সভাপতি মহোদয় সভার শুরুতে সকল সদস্যদেরকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভায় উপস্থাপিত আলোচ্যসূচি নিয়ে আলোচনা শুরু করেন। আলোচনান্তে সভা নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ঐকমত্য পোষণ করে।

<u>আলোচ্য - ০১</u> ঃ ০৪/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুসমর্থন প্রসঙ্গে।

<u>সিদ্ধান্ত - ০১</u> ঃ ০৪/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী সর্বসম্মতক্রমে অনুসমর্থিত হয়।

<u>আলোচ্য -০২</u> ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা পর্যালোচনা করে প্রতিবেদন প্রদান প্রসঙ্গে।

<u>সিদ্ধান্ত - ০২</u> ঃ বিভিন্ন স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্র থেকে প্রেরিত ইতঃপূর্বে বাস্তবায়িত Innovation Plan এর Report সভায় উপস্থাপিত হলে সকল সদস্যগণ সেগুলি পর্যালোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণে ঐকমত্য পোষণ করেন।

ক) বিভিন্ন স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্র থেকে প্রেরিত নিম্নে উল্লেখিত উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রতিবেদন অনুমোদন দেয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

Upload your report Here!

https://qrgo.page.link/8hRTv


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**Bangladesh Open University**

গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২


*"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"*

মুজিব শতবর্ষ MUJIB 100

## উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রতিবেদন

### সময়কাল ঃ ১ জুলাই২০২০- ৩০জুন ২০২১

| স্কুল/ বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র | ক্রমিক নং | উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম (একাধিকও হতে পারে) | উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময়কাল | উদ্ভাবন থেকে কারা উপকৃত হয়েছে (শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/অন্যান্য), আনুমানিক সংখ্যা, কোন্ ধরনের উপকার (value) সৃষ্টি হয়েছে। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের Strategey (অনধিক ১০০ শব্দ) | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| মিডিয়া বিভাগ | ১ | Open TV | বাউবি'র বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীদের শিক্ষা দান এবং জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারিত অনুষ্ঠান থেকে জনগণকে উপকৃত করা | ৯ মাস | বাউবি'র শিক্ষার্থীগণ ও সাধারণ জনগণ | দেশের জনসম্পদকে কর্মমুখী শিক্ষার মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করা এবং দেশে শিক্ষার হার বৃদ্ধি ও উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণ করা | বাউবি'র শিক্ষার্থী ও দেশের জনগণ | |
| | ২ | বাউবি ঘরে বসে শিক্ষা | বাউবির শিক্ষার্থীদের পাঠদান অব্যাহত রাখা | | বাউবি'র শিক্ষার্থীগণ | | | |
| SOB | ১ | Open Business Talk | শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণা, লিখন পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি করা | চলমান | শিক্ষক, শিক্ষার্থী ৫০০ জন (প্রায়) | Continious Profession Development এর কৌশল ব্যবহার করে সংশ্লিষ্টদের আত্মনির্ভরশীল ও Mind set পরিবর্তন করার জন্য Inside-out strategy বা Change Management System প্রয়োগ করা। | স্কুল, শিক্ষক ও শিক্ষার্থী | |

| বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র | ক্রমিক নং | উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম (একাধিকও হতে পারে) | উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময়কাল | উদ্ভাবন থেকে কারা উপকৃত হয়েছে (শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/অন্যান্য), আনুমানিক সংখ্যা, কোন্ ধরনের উপকার (value) সৃষ্টি হয়েছে। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের Strategey (অনধিক ১০০ শব্দ) | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি | ১ | Development and Establishment of Physical and Wellness Lab | সকল শিক্ষার্থীদের ব্যবহারিক কাজে সম্পৃক্ত করা। শিক্ষক, কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য সেবা প্রদান | ২০১৯ সাল থেকে চলমান | ১৩৫ জন শিক্ষার্থী এবং ২৫০ জনের উপর শিক্ষক, কর্মকর্তা কর্মচারী | পেশাজীবি প্রোগ্রামের দক্ষতা বৃদ্ধিওর জন্য হাতে কলমে ব্যবহারিক শিক্ষা প্রয়োজন। ব্যবহারিক দক্ষতা অর্জন এবং শিক্ষকদের মান উন্নয়নে বিভিন্ন গবেষণা প্রবন্ধ রচনা করার জন্য ল্যাব নির্ভর কার্যক্রমের জন্য এই উদ্যোগ। | প্রয়োজনে তথ্য দেয়া যাবে | |
| | ২ | Development and Establishment of Biological Lab | সকল শিক্ষার্থীদের ব্যবহারিক কাজে সম্পৃক্ত করা। শিক্ষক, কর্মকর্তা কর্মচারীদের ল্যাবরেটরী স্বাস্থ্য সেবা প্রদান | ২০১৯ সাল থেকে চলমান | ২৮১ জন শিক্ষার্থী এবং ২৫ জন শিক্ষক, কর্মকর্তা কর্মচারী | পেশাজীবি প্রোগ্রামের দক্ষতা বৃদ্ধির জন্য হাতে কলমে ব্যবহারিক শিক্ষা প্রয়োজন। ব্যবহারিক দক্ষতা অর্জন এবং শিক্ষকদের মান উন্নয়নে বিভিন্ন গবেষণা প্রবন্ধ রচনা করার জন্য ল্যাব নির্ভর কার্যক্রমের জন্য এই উদ্যোগ। | প্রয়োজনে তথ্য দেয়া যাবে | |
| | ৩ | Provide online teaching-learnerg of the MDMR, MPH, Food Science and Nutrition Prpgram, Cse program, Post-Graduate program of Medical Ultrasound Program through Facebook, Google Meet, Google Class Room during the Pandemic periods. | শিক্ষা কার্যক্রম সচল রেখে শিক্ষার্থীদের শিক্ষা জীবন | ২০২০ এর মার্চ মাস থেকে চলমান | এসএসটি'র ১৮০০ শিক্ষার্থী, | পেশাজীবি প্রোগ্রামের দক্ষতা বৃদ্ধির জন্য প্রযুক্তির ব্যবহার জরুরী। শিক্ষার্থীরা যেন প্রোগ্রামের সাথে সর্বদা সম্পৃক্ত থাকে সে লক্ষে অনলাইন ক্লাস চালু করা হয়। এবং শিক্ষকদের মান উন্নয়নে বিভিন্ন গবেষণা প্রবন্ধ রচনা করার জন্য ল্যাব নির্ভর কার্যক্রমের জন্য এই উদ্যোগ। | প্রয়োজনে তথ্য দেয়া যাবে | |

| বগুড়া আঞ্চলিক কেন্দ্র | ক্রমিক নং | উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম (একাধিকও হতে পারে) | উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময়কাল | উদ্ভাবন থেকে [illegible] (শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/অন্যান্য), আনুমানিক [illegible] কোন ধরনের উপকার (value) প্রাপ্ত হয়েছে। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের Strategey (অনধিক ১০০ শব্দ) | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বগুড়া আঞ্চলিক কেন্দ্র | ১ | অন-লাইন ক্লাশ পরিচালনা ও মনিটরিংকরণের প্রক্রিয়া। | চলমান কোভিড-১৯ অতিমারির কারণে সরাসরি ক্লাশ পরিচালনা করা সম্ভব না হওয়ায় বাউবি কর্তৃক এইচএসসি প্রোগ্রামের মত বড় প্রোগ্রামের ক্লাশসমূহ অন-লাইনে পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে পরিচালিত ক্লাশসমূহ যথাযথভাবে মনিটরিং এর মাধ্যমে ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করে আর্থিক ব্যয়ের বিষয়টি জবাবদিহিতায় নিয়ে আসা। | জুন,২০২১ থেকে নভেম্বর,২০২১ | শিক্ষার্থী,টিউটর,সমন্বয়কারী এবং বাউবি'র কর্মকর্তা। শিক্ষার্থী ৩,০৫৮জন, টিউটর ৩০০জন, সমন্বয়কারী ২১জন ও বাউবি'র কর্মকর্তা ১০জন। শিক্ষার্থীদের অংশগ্রহনমূলক টিউটোরিয়াল সার্ভিস নিশ্চিত করে জবাবদিহিতার মাধ্যমে আর্থিক শৃঙ্খলা বজায় রাখা। | ১) **সমন্বয়কারীদের জন্য ক্লাশ মনিটরিং এর ছক 'ক' উদ্ভাবন :** যার মধ্যে ছিল ফলপ্রসূ ক্লাশ মনিটরিং করার পরবর্তি যাবতীয় তথ্যাদি। ২) **টিউটরদের জন্য কোর্স পরিকল্পনার ছক 'খ' উদ্ভাবন :** যার মধ্যে ছিল টিউটরদের নিজস্ব তথ্যাদি- কোর্স পরিকল্পনা, ক্লাশ রুটিন, জুম আইডি, পাসওয়ার্ড সহ যাবতীয় তথ্যাদি। ৩) টিউটরগণ ছক 'খ' এর তথ্যাদি পূরণ করে ক্লাশ শুরুর পূর্বেই সমন্বয়কারীর নিকট জমা দিয়েছেন। ৪) সমন্বয়কারীগণ উক্ত ছক 'খ' সকল টিউটরদের নিকট থেকে সংগ্রহ করে একসেট নিজের নিকট রেখে, একসেট শিক্ষার্থীদের নিকট এবং একসেট আরসি ও সংশ্লিষ্ট এসআরসিতে প্রেরণ করেন। ৫) ফলে শিক্ষার্থীগণ রুটিনসহ ক্লাশের জুম আইডি ও পাসওয়ার্ড যথাসময়ে পেয়ে ক্লাশে অংশগ্রহণ করতে পারছেন। সমন্বয়কারী ও বাউবি কর্মকর্তাগণ একইভাবে ক্লাশ মনিটরিং করতে পারছেন। ৬) প্রতি শুক্রবারে অনুষ্ঠিত ক্লাশ সমন্বয়কারীগণ মনিটরিং করে ছক 'ক' পূরণপূর্বক পরের দিন অর্থাৎ শনিবারে ই-মেইলে আরসি ও এসআরসিতে প্রেরন করছেন। ৭) বাউবি'র কর্মকর্তাগণ প্রতি শুক্রবারে জেলাভিত্তিক স্টাডি সেন্টার ভাগ করে Random Sampling এর মাধ্যমে ক্লাশ মনিটরিং করে একটি রিপোর্ট প্রস্তুত করেন। ৮) সমন্বয়কারীদের প্রেরিত ছক 'ক' ও বাউবি কর্মকর্তাদের মনিটরিং রিপোর্ট মিলিয়ে যাচাই করে ক্লাশ অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করা হয়। ৯) টিউটর কর্তৃক পূরণকৃত ছক 'খ', সমন্বয়কারী কর্তৃক পূরণকৃত ছক 'ক' এবং বাউবি'র কর্মকর্তাগণের মনিটরিং রিপোর্টের তথ্যাদি যাচাই-বাছাই করে নিশ্চিত হয়ে হিসাব শাখা কর্তৃক বিল পরিশোধ করা হবে। | বাউবির কর্মকর্তা, সমন্বয়কারী ও টিউটর। | বর্ণিত উদ্ভাবনী কার্যক্রমটি ২৮-০৫-২০২১ তারিখে বগুড়া আঞ্চলিক কেন্দ্র হতে বাস্তবায়ন করে (কপি সংযুক্ত) বাউবি কর্তৃপক্ষকে অবহিত করা হয়। বাউবি কর্তৃপক্ষের নিকট উদ্ভাবনী প্রক্রিয়াটি গ্রহনযোগ্য হওয়ায় অ বাউবি'র সকল প্রোগ্রামের জন্য বাস্তবায়ন করার লক্ষ্যে এসএসএস বিভাগের স্মারক নং বাউবি/এসএসএস/এইচএসসি/জেলা/০১/৫৬/২০১৮/বিশেস-১০ তারিখ ০৯-০৭-২০২১ এর মাধ্যমে Adopt করে নেন(কপি সংযুক্ত)। |
| কম্পিউটার বিভাগ | ১ | Equipment Inventory Management System | * হার্ডওয়্যার আইটেম ট্র্যাকিং<br>* সুষ্ঠ ইনভেন্টরী ব্যবস্থাপনা<br>* হার্ডওয়্যার রক্ষণাবেক্ষন সহজীকরন<br>* ওয়ান ক্লিক ম্যানেজমেন্ট ওরিয়েন্টেড অনলাইন ও অফলাইন রিপোর্ট | ০১-জুন-২১ | * বাউবি'র সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।<br>* সুবিধাভোগীর সংখ্যা আনুমানিক ১৫০০।<br>* ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সফটওয়্যারে এন্ট্রি হওয়ায় বিভিন্ন ধরনের রিপোর্ট এবং ক্লায়েন্ট সাপোর্ট সহজ ও ত্বরান্বিত হয়েছে। | | বাউবি'তে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী | |

| বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র | ক্রমিক নং | উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম (একাধিকও হতে পারে) | উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময়কাল | উদ্ভাবন থেকে কারা উপকৃত হয়েছে (শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/অন্যান্য), আনুমানিক সংখ্যা, কোন্ ধরনের উপকার (value) সৃষ্টি হয়েছে। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের Strategey (অনধিক ১০০ শব্দ) | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| কম্পিউটার বিভাগ | ২ | Student ID Card Management System | ডিজিটাল আইডি কার্ড সংক্রান্ত সকল কার্যক্রম সহজীকরন ও সুষ্ঠুভাবে সংরক্ষন | ০১-এপ্রিল-২১ | বাউবি'তে অধ্যয়নরত সকল শিক্ষার্থী | | বাউবি'তে অধ্যয়নরত সকল শিক্ষার্থী | |
| | ৩ | ডাটা সেন্টার উন্নয়ন | সার্ভারসমূহের ডাটা নিরাপত্তা ও ব্যাকআপ নিশ্চিতকরন | ০১-মার্চ-২১ | বাউবি'তে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও অধ্যয়নরত শিক্ষার্থীগণ | | বাউবি'তে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও অধ্যয়নরত শিক্ষার্থীগণ | |

| বিভাগ/ আঞ্[redacted] | ক্রমিক নং | উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম (একাধিকও হতে পারে) | উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময়কাল | উদ্ভাবন থেকে কারা উপকৃত হয়েছে (শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/অন্যান্য), আনুমানিক সংখ্যা, কোন্ ধরনের উপকার (value) সৃষ্টি হয়েছে। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের Strategey (অনধিক ১০০ শব্দ) | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| তথ্য ও গণযোগা[redacted] | ১ | মাননীয় উপাচার্যের খোলা চিঠি | করোনাকালীন সময়ে অনলাইনে শিক্ষা কার্যক্রম বিস্তরণ, কোভিড অতিমারীতে স্বাস্থ্য সুরক্ষায় যত্নবান হতে শিক্ষার্থী ও সকলের জন্য উদাত্ত আহবান | অক্টোবর ২০২০ | প্রায় ৬ লক্ষ শিক্ষার্থী সহ সকল শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী এবং প্রায় ২০ হাজার সমন্বয়কারী ও টিউটরগণ | তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাউবির কম্পিউটার বিভাগে সংরক্ষিত ডাটাবেজ, শিক্ষার্থীদের মোবাইল এসএমএস, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের ইমেইল, বাউবির ওয়েব পেজ, ভেরিফাইড ফেসবুক ও ইন্টারনেটে প্রেরণ | প্রায় ৬ লক্ষ শিক্ষার্থী সহ সকল শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী এবং প্রায় ২০ হাজার সমন্বয়কারী ও টিউটরগণ | অর্থ অধিযাচিত হয়নি |
| | ২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষে তিনটি নির্বাচিত গ্রন্থ(কারাগারের রোজনামচা, অসমাপ্ত আত্মজীবনী ও শেখ মুজিব আমার পিতা) হতে বিভিন্ন গ্রুপে প্রশ্নকরণ প্রতিযোগিতায় ও মূল্যায়ন | উদ্দীষ্ট সকলের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে জানার মূল্যায়ন ও চর্চা | ১৭ মার্চ ২০২১ | প্রায় ৬ লক্ষ শিক্ষার্থী সহ সকল শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী এবং প্রায় ২০ হাজার সমন্বয়কারী ও টিউটরগণ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে জানার ও চর্চার এবং মুজিব শতবর্ষে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন | প্রায় ৬ লক্ষ শিক্ষার্থী সহ সকল শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী এবং প্রায় ২০ হাজার সমন্বয়কারী ও টিউটরগণ | – |
| | ৩ | ০৮ বছরে বাউবির একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম মূল্যায়ন (২০১৩-২০২০) | সাফল্যের স্বর্ণগাথা ফিরে দেখা ০৮ বছর | মার্চ ২০১২১ | শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী এবং প্রায় ২০ হাজার সমন্বয়কারী ও টিউটরগণ | বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য উদ্দেশ্যের আলোকে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সূচী মূল্যায়ন | বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী | – |

খ) নিম্নে উল্লেখিত পর্যালোচনা প্রতিবেদনটি APA এর ফোকাল পয়েন্টকে প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

## ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার প্রতিবেদন

ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনার বিষয়ে ২৯/০৮/২০২১ তারিখ রবিবার রাত ৭.৩০ টায় ইনোভেশন টিমের ৭ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা পর্যালোচনা করে দেখে যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ইতঃমধ্যে বেশ কয়েকটি উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। তবে ইতঃমধ্যে যে সকল উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়িত হয়েছে সেগুলি নিম্নে উল্লেখ করা হলো।

১। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **Open TV**।

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **২১ অক্টোবর ২০২০**।

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে শিক্ষার সুযোগ বঞ্চিত মানুষের দোরগোঁড়ায় শিক্ষা উপকরণ পৌঁছে দেয়া।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবির শিক্ষক ও শিক্ষার্থী** ।

দূরশিক্ষণ পদ্ধতির মূল উপকরণ হলো- প্রযুক্তিবান্ধব শিক্ষা ব্যবস্থার বাস্তবায়ন ও সম্প্রসারণ। যে কোন প্রকার যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে শিক্ষার সুযোগ বঞ্চিত মানুষের দোরগোঁড়ায় শিক্ষা উপকরণ পৌঁছে দেয়া। এই চিন্তার ধারাবাহিকতা থেকেই বাউবির শিক্ষা চ্যানেল 'ওপেন টিভি'র' জন্ম। এদেশে যথেষ্ট সংখ্যক বিনোদন চ্যানেল থাকলেও পূর্ণাঙ্গ শিক্ষা চ্যানেল ছিল না। ২১ অক্টোবর ২০২০ পরীক্ষামূলক সম্প্রচারের মাধ্যমে ওপেন টিভি সম্প্রচার শুরু করে। এর পর বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ এর স্যাটেলাইট প্রচার মাধ্যম, বঙ্গবন্ধু স্যাটেলাইটের সাথে সংযোগ স্থাপন করে অত্যন্ত সফলভাবে সম্প্রচার কার্যক্রম চালাতে সক্ষম হয়। বাউবি'র ওপেন টিভি চালুর মাধ্যমে বাংলাদেশে একটি শিক্ষামূলক টিভির সূচনা হয়।

বাউবি সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ফরমাল প্রোগ্রাম জনগণের কাছে সহজে পৌঁছে দেয়ার লক্ষ্যে বাউবি ওপেন টিভি কাজ করে যাচ্ছে। এদেশের মানুষের স্বাস্থ্য, কৃষি, কৃষ্টি, ইতিহাস -ঐতিহ্য, প্রাকৃতিক দূর্যোগ, সংস্কৃতি ইত্যাদি বিষয়ের উপর ভিত্তি করে অনানুষ্ঠানিক শিক্ষা অনুষ্ঠান জনগণের জন্য প্রচার করা ওপেন টিভির লক্ষ্য।

প্রতিষ্ঠার পর থেকে প্রতিদিন সকাল ৮ টা থেকে রাত ৮ পর্যন্ত ওপেন টিভির সম্প্রচার কার্যক্রম অব্যাহত রয়েছে।

পূর্ণাঙ্গ সম্প্রচারে যেতে পারলে ওপেন টিভি বাউবি'র সকল প্রোগ্রামের শিক্ষার্থীদের শিক্ষা চাহিদা পূরণ করতে সক্ষম হবে।

২। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **বাউবি ঘরে বসে শিক্ষা**।

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **এপ্রিল ২০২০**।

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **বাউবি'র শিক্ষার্থীদের পাঠদান অব্যাহত রাখা।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষার্থী** ।

২৮ এপ্রিল ২০২০ তারিখে 'বাউবি ঘরে বসে শিক্ষা' ফেসবুক গ্রুপ পেজের জন্ম হয়।

কোভিড-১৯ এর কারণে শিক্ষা ব্যবস্থায় যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে সেটা থেকে কিছুটা হলেও উপকার পাবার জন্য এই গ্রুপের জন্ম। শিক্ষার্থীরা যাতে ঘরে বসেই তাদের লেখাপড়া সংক্রান্ত তথ্য ও বিষয়ভিত্তিক পাঠ নিতে পারেন এই লক্ষ্যে গ্রুপ কাজ করে যাচ্ছে। 'বাউবি ঘরে বসে শিক্ষা' গ্রুপের লক্ষ্য দূরশিক্ষণ কার্যক্রমকে সহায়তা করা।

পরিকল্পনাঃ

ইন্টারনেটভিত্তিক ফেসবুক এখন মানুষের হাতে হাতে। ফেসবুক জনপ্রিয়তাকে শিক্ষা সম্প্রসারণের অথবা শিক্ষা সহায়তার উপকরণ হিসেবে প্রতিষ্ঠা করার পরিকল্পনাকে মাথায় রেখে এই গ্রুপের কার্যক্রম পরিচালিত হচ্ছে। সারা বাংলাদেশে বাউবির প্রায় সাড়ে তিন হাজার টিউটর আছেন এবং প্রতিটি ফ্যাকাল্টিতে পর্যাপ্ত সংখ্যক শিক্ষক আছেন। এই টিউটর ও শিক্ষকগণ যে কোন ডিভাইজের মাধ্যমে তাদের বিষয়ভিত্তিক পাঠদান 'বাউবি ঘরে বসে শিক্ষা' তে যদি আপলোড করেন তবে দূরশিক্ষণের শিক্ষার্থীগণ দারুন উপকৃত হবেন।

ঘরে বসে শিক্ষার পরিকল্পনা হচ্ছে, সকল প্রোগ্রামের বিষয়ভিত্তিক পাঠদান ও অনানুষ্ঠানিক শিক্ষা এই ফেসবুক থেকে অন্তর্ভূক্ত করে শিক্ষার্থীদের পাশে থাকা।

৩। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **Open Business Talk**।

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **০১ জুলাই ২০২০ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণা, লিখন পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি করা।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষক, শিক্ষার্থী।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **বাউবি'র স্কুল, শিক্ষক, শিক্ষার্থী।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস বাউবি'র শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণা,লিখন পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি করার উদ্দেশ্যে গত ০১-০৭-২০২০ ইং তারিখে **Open Business Talk** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করে। Continuous Profession Development এর কৌশল ব্যবহার করে সংশ্লিষ্টদের আত্মনির্ভরশীল ও Mind set পরিবর্তন করার জন্য Inside-out Strategy বা Change Management System প্রয়োগ করার মাধ্যমে এই উদ্ভাবন কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করা হচ্ছে। ৩০জুন ২০২১ এর মধ্যে এই পরিকল্পনাটি বাস্তবায়নের ফলে বাউবির শিক্ষার্থী এবং শিক্ষকগণ উপকৃত হচ্ছেন ।

৪। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **Development and Establishment of Physical and Wellness Lab**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **২০১৯ সাল থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **সকল শিক্ষার্থীদের ব্যবহারিক কাজে সম্পৃক্ত করা এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য সেবা প্রদান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষার্থী , শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি বাউবি'র সকল শিক্ষার্থীদের ব্যবহারিক কাজে সম্পৃক্ত করা এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য সেবা প্রদান করার উদ্দেশ্যে গত ২৯-০৭-২০১৯ ইং তারিখে **Development and Establishment of Physical and Wellness Lab** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করে। পেশাজীবি প্রোগ্রামের দক্ষতা বৃদ্ধির জন্য হাতে কলমে ব্যবহারিক শিক্ষা প্রয়োজন। ব্যবহারিক দক্ষতা অর্জন এবং শিক্ষকদের মান উন্নয়নে বিভিন্ন গবেষণা প্রবন্ধ রচনা করার জন্য ল্যাব নির্ভর কার্যক্রমের জন্য এই উদ্যোগের মাধ্যমে এই উদ্ভাবন কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করা হচ্ছে। ৩০জুন ২০২১ এর মধ্যে এই পরিকল্পনাটি বাস্তবায়নের ফলে বাউবিতে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপকৃত হচ্ছে ।

৫। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **Development and Establishment of Biological Lab**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **২০১৯ সাল থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **সকল শিক্ষার্থীদের ব্যবহারিক কাজে সম্পৃক্ত করা। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ল্যাবরেটরী স্বাস্থ্য সেবা প্রদান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষার্থী , শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি বাউবি'র সকল শিক্ষার্থীদের ব্যবহারিক কাজে সম্পৃক্ত করা এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ল্যাবরেটরী স্বাস্থ্য সেবা প্রদান করার উদ্দেশ্যে গত ১০-০৯-২০১৯ ইং তারিখে **Development and Establishment of Biological Lab** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করে। ৩০জুন ২০২১ এর মধ্যে এই পরিকল্পনাটি বাস্তবায়নের ফলে বাউবি'র শিক্ষার্থী এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপকৃত হচ্ছেন ।

৬। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **অন-লাইন ক্লাস পরিচালনা ও মনিটরিং প্রক্রিয়া** ।

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **২৮ মে ২০২১ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **চলমান কোভিড-১৯ অতিমারির কারণে সরাসরি ক্লাস পরিচালনা করা সম্ভব না হওয়ায় বাউবি কর্তৃক এইচএসসি প্রোগ্রামের মত বড় প্রোগ্রামের ক্লাসসমূহ অন-লাইনে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে পরিচালিত ক্লাসসমূহ যথাযথভাবে মনিটরিং এর মাধ্যমে ক্লাস গ্রহণ নিশ্চিত করে আর্থিক ব্যয়ের বিষয়টি জবাবদিহিতায় নিয়ে আসা।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **শিক্ষার্থী, টিউটর,সমন্বয়কারী এবং বাউবি'র কর্মকর্তা।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **বাউবি'র কর্মকর্তা, সমন্বয়কারী ও টিউটর।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের চলমান কোভিড-১৯ অতিমারির কারণে সরাসরি ক্লাস পরিচালনা করা সম্ভব না হওয়ায় বাউবি কর্তৃক এইচএসসি প্রোগ্রামের মত বড় প্রোগ্রামের ক্লাসসমূহ অন-লাইনে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বগুড়া আঞ্চলিক কেন্দ্র তাদের পরিচালিত ক্লাশসমূহ যথাযথভাবে মনিটরিং এর মাধ্যমে ক্লাস গ্রহণ নিশ্চিত করে আর্থিক ব্যয়ের বিষয়টি জবাবদিহিতায় নিয়ে আসার উদ্দেশ্যে গত ২৮-০৫-২০২১ ইং তারিখে **অন-লাইন ক্লাস পরিচালনা ও মনিটরিং প্রক্রিয়া** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করে।

উদ্ভাবন পরিকল্পনাটি বাস্তবায়নের জন্য দুটি ফরম প্রস্তুত করা হয়। যার মধ্যে ফলপ্রসূ ক্লাস মনিটরিং করার জন্য **সমন্বয়কারীদের জন্য ক্লাস মনিটরিং ছক** । যাতে ক্লাস মনিটরিং করার জন্য পরবর্তী যাবতীয় তথ্যাদি অন্তর্ভূক্ত থাকবে এবং **টিউটরদের জন্য কোর্স পরিকল্পনার ছক** যার মধ্যে টিউটরদের নিজস্ব তথ্যাদি- কোর্স পরিকল্পনা, ক্লাস রুটিন, জুম আইডি, পাসওয়ার্ড সহ যাবতীয় তথ্যাদি অন্তর্ভূক্ত থাকবে। বাউবি'র টিউটরগণ তাদের কোর্স পরিকল্পনার ছক পূরণ করে শিক্ষার্থী, সমন্বয়কারী এবং সংশ্লিষ্ট আরসি ও এসআরসিতে প্রেরণপূর্বক ক্লাস নিবেন। জুম আইডি ও পাসওয়ার্ড যথাসময়ে প্রত্যেকের কাছে পৌছার কারণে প্রত্যেক শিক্ষার্থী ঘরে বসে তাদের শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে পারছে। ক্লাস সম্পন্ন হওয়ার পর সমন্বয়কারী তার ছক পূরণ পূর্বক ই-মেইলে আরসি ও এসআরসিতে প্রেরন করার ফলে ক্লাস মনিটরিং এবং জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। সেই সাথে বিল পরিশোধের ক্ষেত্রে পরীক্ষা- নিরীক্ষায় সহায়ক ভূমিকা রাখছে। অর্থাৎ শিক্ষার্থীদের অংশগ্রহণমুলক টিউটোরিয়াল সার্ভিস নিশ্চিত করে জবাব দিহিতার মাধ্যমে আর্থিক শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হচ্ছে ।

৭। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **Equipment Inventory Management System**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **০১ সেপ্টেম্বর ২০২০ চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **হার্ডওয়ার আইটেম ট্র্যাকিং, সুষ্ঠু ইনভেন্টরী ব্যবস্থাপনা, হার্ডওয়ার রক্ষণাবেক্ষণ সহজীকরণ, ওয়ান ক্লিক ম্যানেজমেন্ট ওরিয়েন্টেড অনলাইন ও অফলাইন রিপোর্ট।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **কম্পিউটার বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।**

সারা বিশ্ব ডিজিটালাইজেশন এর মাধ্যমে এগিয়ে যাচ্ছে। বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন পূরণের দ্বার প্রান্তে আমরা সবাই। ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন পূরণের অংশ হিসেবে এবং দক্ষ জনগোষ্ঠী সৃষ্টির প্রয়োজনীয়তায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগ **Equipment Inventory Management System** উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সফটওয়ারে এন্ট্রি হওয়ায় বিভিন্ন ধরনের রিপোর্ট এবং ক্লায়েন্ট সাপোর্ট সহজ ও ত্বরান্বিত হওয়ায় বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপকৃত হচ্ছেন। হার্ডওয়ার আইটেম ট্র্যাকিং, সুষ্ঠু ইনভেন্টরী ব্যবস্থাপনা, হার্ডওয়ার রক্ষণাবেক্ষণ সহজীকরণ, ওয়ান ক্লিক ম্যানেজমেন্ট ওরিয়েন্টেড অনলাইন ও অফলাইন রিপোর্ট করার উদ্দেশ্যে গত ০১-০৯-২০২০ ইং তারিখে এ বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়,যার বাস্তবায়নের সময়কাল ০১ সেপ্টেম্বর ২০২০ থেকে চলমান।

৮। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **Student ID Card Management System**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **০১ জানুয়ারী ২০২১ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **ডিজিটাল আইডি কার্ড সংক্রান্ত সকল কার্যক্রম সহজীকরণ ও সুষ্ঠুভাবে সংরক্ষণ করা।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **সকল শিক্ষার্থী।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **শিক্ষার্থী, কম্পিউটার বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগ কর্তৃক বাউবিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য ডিজিটাল আইডি কার্ড সংক্রান্ত সকল কার্যক্রম সহজীকরণ ও সুষ্ঠুভাবে সংরক্ষণ করার উদ্দেশ্যে গত ০১-০১-২১ ইং তারিখে **Student ID Card Management System** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। যার কার্যক্রম ০১ জানুয়ারী ২০২১ থেকে শুরু করে এখনও চলমান রয়েছে।

৯। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **ডাটা সেন্টার উন্নয়ন।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **০১ জুলাই ২০২০ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **সার্ভারসমূহের ডাটা নিরাপত্তা ও ব্যাকআপ নিশ্চিতকরণ।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, শিক্ষার্থী।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এবং শিক্ষার্থী।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগ কর্তৃক বাউবিতে অধ্যয়নরত শিক্ষার্থী এবং বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কাজের সুবিধার্থে সার্ভার সমূহের ডাটা নিরাপত্তা ও ব্যাকআপ নিশ্চিতকরনের উদ্দেশ্যে গত ০১-০৭-২০২০

ইং তারিখে **ডাটা সেন্টার উন্নয়ন** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। ৩০জুন ২০২১ এর মধ্যে এই পরিকল্পনাটির বাস্তবায়ন প্রক্রিয়া চলমানের ফলে বাউবি'র শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এই উদ্ভাবনী কর্মপরিকল্পনাটি ব্যবহার করে উপকৃত হচ্ছেন।

১০। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **মাননীয় উপাচার্যের খোলা চিঠি।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **২১/১০/২০২০ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **করোনাকালীন সময়ে অনলাইনে শিক্ষা কার্যক্রম বিস্তরণ, কোভিড অতিমারীতে স্বাস্থ্য সুরক্ষায় যত্নবান হতে শিক্ষার্থী ও সকলের জন্য উদাত্ত আহবান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরগণসহ সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **বাউবি'র শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরগণসহ সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগ মাননীয় উপাচার্যের অনুমোদনক্রমে করোনাকালীন সময়ে অনলাইনে শিক্ষা কার্যক্রম বিস্তরণ, কোভিড অতিমারীতে স্বাস্থ্য সুরক্ষায় যত্নবান হতে শিক্ষার্থী ও সকলের জন্য উদাত্ত আহবানের উদ্দেশ্যে গত ২১/১০/২০২০ ইং তারিখে **মাননীয় উপাচার্যের খোলা চিঠি** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করে। তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাউবি'র কম্পিউটার বিভাগে সংরক্ষিত ডাটাবেজ, শিক্ষার্থীদের মোবাইল এসএমএস, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের ইমেইল, বাউবির ওয়েব পেজ, ভেরিফাইড ফেসবুক পেজ ও ইন্টারনেটের মাধ্যমে অনলাইনে শিক্ষা কার্যক্রম বিস্তরণ, কোভিড অতিমারীতে স্বাস্থ্য সুরক্ষায় যত্নবান হতে শিক্ষার্থী ও সকলকে উদাত্ত আহবান জানান হয় । ৩০জুন ২০২১ এর মধ্যে এই পরিকল্পনাটির বাস্তবায়ন প্রক্রিয়া চলমান থাকায় বাউবি'র শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলে উপকৃত হচ্ছেন।

১১। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষে তিনটি নির্বাচিত গ্রন্থ (কারাগারের রোজনামচা, অসমাপ্ত আত্মজীবনী ও শেখ মুজিব আমার পিতা) হতে বিভিন্ন গ্রুপে প্রশ্নকরণ প্রতিযোগিতা ও মূল্যায়ন।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **১৮/০১/২০২১ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **সকলের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে জানার মূল্যায়ন ও চর্চা।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **বাউবি'র শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরগণসহ সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **বাউবি'র শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরগণসহ সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগ সকলের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে জানার চর্চা ও মূল্যায়নের উদ্দেশ্যে গত ১৮/০১/২০২১ ইং তারিখে **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষে তিনটি নির্বাচিত গ্রন্থ (কারাগারের রোজনামচা, অসমাপ্ত আত্মজীবনী ও শেখ মুজিব আমার পিতা) হতে বিভিন্ন গ্রুপে প্রশ্নকরণ প্রতিযোগিতা ও মূল্যায়ন** বিষয়ক উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে জানার ও চর্চার এবং মুজিব শতবর্ষে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের মাধ্যমে এই পরিকল্পনা বাস্তবায়ন করা হয়। ৩০জুন ২০২১ এর মধ্যে এই পরিকল্পনাটির বাস্তবায়ন প্রক্রিয়া চলমান থাকায় বাউবি'র শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে জানার ও চর্চার এবং মুজিব শতবর্ষে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের সুযোগ পেয়েছে।

১২। উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম :- **০৮ বছরে বাউবির একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম মূল্যায়ন (২০১৩-২০২০)।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার সময়কাল :- **২৩/০৩/২০২১ থেকে চলমান।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্দেশ্য/Goal :- **সাফল্যের স্বর্ণগাঁথা ফিরে দেখা ০৮ বছর।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা থেকে উপকৃত জনগোষ্ঠী:- **শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী এবং সমন্বয়কারী ও টিউটরগণ ।**

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ব্যবহারকারীদের নাম :- **বাউবি'র সকল শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারী ।**

বাউবি'র মূল লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য একাডেমিক ও প্রশাসনিক ক্ষেত্রে গত আট বছরে ( ২০১৩- ২০২০) বিভিন্ন কর্মপরিকল্পনা গৃহীত ও সফলভাবে বাস্তবায়িত হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা ও শিক্ষা গ্রহণ নিশ্চিতকরণে এই সকল কর্মপরিকল্পনা বিশেষ ভূমিকা পালন করে। আট বছরের বাউবি'র একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম মূল্যায়ন ভবিষ্যতের জন্য কর্মপরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করবে।

গ) September 2021 এর মধ্যে ১টি workshop করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং অদ্যকার সভা এই workshop সফল করার নিমিত্তে একটি concept paper তৈরীর জন্য সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার সার্ডকে দায়িত্ব প্রদান করে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

29/08/21
**নার্গিস আখতার**
সদস্য-সচিব, ইনোভেশন টিম
ও
যুগ্ম-পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।

29/08/2021
**নাজনীন আখতার**
সদস্য, ইনোভেশন টিম
ও
যুগ্ম পরিচালক (কাউন্সিল)
প্রশাসন বিভাগ, বাউবি

**মোঃ মাসুম বিল্লাহ**
সদস্য, ইনোভেশন টিম
ও
পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),
কম্পিউটার বিভাগ, বাউবি

**জনাব আবুল কাসেম শিখদার**
সদস্য, ইনোভেশন টিম
ও
পরিচালক
তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি

29.8.2021
**প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার**
সদস্য, ইনোভেশন টিম
ও
অধ্যাপক, সার্ড, বাউবি।

**প্রফেসর ডা. সরকার মোঃ নোমান**
সদস্য, ইনোভেশন টিম
ও
অধ্যাপক ও ডিন এসএসটি,
বাউবি।

**ড. মহাঃ শফিকুল আলম**
সদস্য, ইনোভেশন টিম
ও
রেজিস্ট্রার
বাউবি।

**প্রফেসর মোস্তফা আজাদ কামাল**
সভাপতি, ইনোভেশন টিম
ও
মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি
বাউবি